

বিস্তারিত

জনাব মোঃ কামরুজ্জামান, কুমিল্লা জেলার এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা ক্যান্টনমেন্ট শহীদ রমিজউদ্দিন বিদ্যালয় হতে এসএসসি এবং কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ হতে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হন। তিনি কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ হতে ব্যবস্থাপনা বিষয়ে অনার্সসহ স্নাতক ডিগ্রী অর্জন করেন। পরবর্তীতে তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে ব্যবস্থাপনা বিষয়ে মাস্টার্স ডিগ্রী লাভ করেন। জনাব মোঃ কামরুজ্জামান, ১৯৯১ সনে ১১ ডিসেম্বর বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি মাঠ পর্যায়ে সহকারী কমিশনার, ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট, উপজেলা নির্বাহী অফিসার, অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বিভিন্ন মন্ত্রণালয়ে সিনিয়র সহকারী সচিব, উপ-সচিব, যুগ্ম-সচিব ও অতিরিক্ত সচিব পদে দায়িত্ব পালন করেন। এর মধ্যে শিক্ষা মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় উল্লেখযোগ্য। তিনি সর্বশেষ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ কামরুজ্জামান বিভিন্ন ধরনের প্রশিক্ষণ, সেমিনার, সিম্পোজিয়াম ও এক্সপোজার ভিজিটের অংশ হিসেবে থাইল্যান্ড, ভিয়েতনাম, চীন, জাপান, ভারত, সিংগাপুর, তুরস্ক, কেনিয়া, অস্ট্রেলিয়া, তাঞ্জানিয়া, সুইডেন, ইতালী, যুক্তরাষ্ট্র, মোনাকো, ভ্যাটিকান সিটি, দুবাই, নিউজিল্যান্ড এবং ব্রাজিল ভ্রমণ করেন।

তিনি গত ২০ জুন ২০২২ তারিখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন।